গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজৈর, মাদারীপুর ।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.২০১৪-/ ৭৪৬ তারিখ : ০২/১০/২০২৩ খ্রিঃ

**বিষয়ঃ রাজৈর উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিতি প্রসঙ্গে ।**

রাজৈর উপজেলা পরিষদের অক্টোবর-২০২৩ খ্রিঃ মাসের সাধারণ সভা আগামী ০৯ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১১.৩০ ঘটিকায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর মহোদয়ের সভাপতিত্বে উপজেলা পরিষদ কমপ্লেক্সের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কার্যপত্রসহ সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

০২.১০.২৩
(উপমা ফারিসা)
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর ।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৪। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।
০৫। সহকারী কমিশনার (ভূমি), রাজৈর, মাদারীপুর।
০৬। অফিসার ইনচার্জ, রাজৈর থানা, মাদারীপুর।
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর (তাকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৮। উপজেলা.................................... কর্মকর্তা রাজৈর।
০৯। চেয়ারম্যান (সকল), ............................ইউপি, রাজৈর।
১০। জনাব..........................................................
..........................................................

পত্র প্রাপ্তির দুই কর্মদিবসের মধ্যে কার্যপত্র cauzprajoir@gmail.com/ সরাসরি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ-
০১। জনাব শাজাহান খান, মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-২
০২। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৩। অফিস কপি।

# উপজেলা পরিষদ রাজৈর, মাদারীপুর এর অক্টোবর-২০২৩ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মোঃ রেজাউল করিম চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
স্থান : উপজেলা পরিষদ কমপ্লেক্স।
তারিখ : ০৯-১০-২০২৩খ্রি
সময় : বেলা ১১.৩০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভা পরিচালনা করেন। উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোনরূপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। বিগত সভার সিদ্ধান্ত সম্পর্কে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিতভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ। | উপজেলা কৃষি অফিসার, রাজৈর সভায় নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন<br>রোপা আমন আবাদের তথ্য- রাজৈর উপজেলায় চলতি মৌসুমে রোপা আমন আবাদ-২৪২৮ হেক্টর।<br>প্রণোদনার তথ্য ২০২৩-২০২৪ খ্রি<br>গম, ভুট্টা, সরিষা, সূর্যমুখী, চিনাবাদাম, শীতকালীন পেঁয়াজ, মুগ, মসুর ও খেসারী ৬১০০ (লক্ষমাত্রা), অর্জন .........<br>সারের বরাদ্দ- ইউরিয়া-১৮১ মে.টন, ডিএপি-১৮০ মে.টন, টিএসপি-৭৮ মে.টন, ও এমওপি-৭২ মে.টন। | মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে সঠিকভাবে বিতরণকরাসহ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা। |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, রাজৈর বলেন গবাদি পশুর টিকা প্রদান-৩০০০ মাত্রা, হাঁস-মুরগির টিকা প্রদান-৩২০০০ মাত্রা, গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান-১৪৭৮ টি, হাঁস-মুরগির চিকিৎসা সেবা প্রদান-২১৬২৮ টি, পোষা প্রাণীর চিকিৎসা প্রদান-১৯ টি, কৃত্রিম প্রজনন-৫০০ টি, সংকর জাতের বাছুরের তথ্য-২১০ টি, গবাদিপশুর খামার স্থাপন-০১ টি, হাঁস-মুরগির খামার স্থাপন-০১, খামার পরিদর্শন-০৮টি, উঠান বৈঠকের আয়োজন-০৪ টি, প্রাণিপালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান ২৪০, উন্নত জাতের ঘাসের চাষ-০১ একর। দপ্তরের অন্যান্য সেবামূলক কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার। |
| ০৪ | স্থানীয় সরকার বিভাগ (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী, রাজৈর সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা উন্নয়ন তহবিলের অর্থের অনুকূলে ইউপি থেকে প্রাপ্ত প্রকল্পসমূহ বাস্তবায়ন চলমান। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা প্রকৌশলী। |
| ০৫ | ত্রাণ ও পুনর্বাসন শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, বীর নিবাস ২য় পর্যায়ে ৫৮ টি ঘরের কাজ ৯০% সমাপ্ত হয়েছে। ইশিবপুর বন্যা আশ্রয়কেন্দ্রে ৫৫% কাজ সমাপ্ত হয়েছে। সাজিহরান আফতাব উদ্দীন মিনা উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয়ন কেন্দ্রের ৯৮% কাজ সমাপ্ত হয়েছে। দ্রুত কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হবে। জমি আছে ঘর নেই (সিজিআরপি) প্রকল্পের আওতায় ২৬ টি ঘরের ২৫% কাজ সমাপ্ত হয়েছে। কবিরাজপুর শেখ বাড়ি সংলগ্ন খালের উপর ১৫ মিটার গার্ডার ব্রীজের কাজ দ্রুত শুরু হবে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন। | বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ নিয়মিত তদারকি করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ। | উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, আগামী ১২-১০-২৩ খ্রি হতে ০২-১১-২৩ খ্রি পর্যন্ত মোট ২২ দিন মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৩ পরিচালিত হবে। মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৩ সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা প্রয়োজন। ক্ষতিকর জাল (চায়না জাল, কারেন্ট জাল) ইত্যাদি বন্ধে নিয়মিত বাজার পরিদর্শন ও অভিযান চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | মাছের উৎপাদন বৃদ্ধি করতে প্রয়োজনীয় সকল সহযোগিতা করতে হবে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ। | উপজেলা শিক্ষা অফিসার, রাজৈর উপজেলার জন্য বরাদ্দকৃত বিনামূল্যের পাঠ্যপুস্তক পেয়েছি। ২৮-০৯-২০২৩ তারিখে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী সরকারি ছুটির দিনে ১ম, ৪র্থ ও ৫ম শ্রেণীর পাঠ্য পুস্তক পেয়েছি। শীঘ্রই ২য় ও ৩য় শ্রেণীর পাঠ্যপুস্তক পেয়ে যাব। পরবর্তীতে অনুমতি সাপেক্ষে বিদ্যালয় পর্যায়ে ২০২৪ শিক্ষাবর্ষের পাঠ্য পুস্তক বিতরণ করা হবে।বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে | উপজেলা শিক্ষা অফিসার। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজৈর সভায় জানান যে, চলতি বছরের এসএসসি/আলিম পরীক্ষা সমাপ্ত হয়েছে। ৬ষ্ঠ হতে ৯ম শ্রেণীর বিনামূল্যের পাঠ্যপুস্তক উপজেলা পর্যায়ে গ্রহণের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর নতুন কারিকুলাম বাস্তবায়নে উপজেলার মাষ্টার ট্রেইনারগণ সকল শিক্ষা প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন করেছেন। মাধ্যমিক শিক্ষা অফিসের অফিস কক্ষের ছাদ হতে পানি পড়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ বৈদ্যুতিক যন্ত্রপাতি নষ্ট হওয়ার উপক্রম হয়েছে। তাছাড়া রং ও প্রয়োজনীয় প্লাষ্টার করা প্রয়োজন। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করছি। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে।<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস উপজেলা রাজস্ব তহবিল হতে মেরামত/সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, রাজৈর উপজেলায় বর্তমান মাসে খাবার বড়ির মাসিক লক্ষ্যমাত্রা-১৫৭২, অর্জন-৬৫২, ইনজেকটেবলস মাসিক লক্ষ্যমাত্রা-৭৬৬, অর্জন-৩৬২, কনডম মাসিক লক্ষ্যমাত্রা-২৮২, অর্জন-৭২, আইইউডির মাসিক লক্ষ্যমাত্রা-৬০, অর্জন-০৭, ইমপ্লান্টের মাসিক লক্ষ্যমাত্রা-৭৭, অর্জন-৬৪ এবং স্থায়ী পদ্ধতীর মাসিক লক্ষ্যমাত্রা-২০, অর্জন-০৬। উপজেলার মোট সক্ষম দম্পতি-৪৮৮২৮ জন মোট গ্রহণকারী-৩৭২৯৭ জন। প্রতিমাসে ইউনিয়ন পর্যায়ে বন্ধ্যাত্বকরণ ক্যাম্পের আয়োজন করা হয়। পরিবার পরিকল্পনা সেবা এবং মা ও শিশু সেবা ও সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা নিয়ে জোরালোভাবে কাজ করতে হবে এবং সফলতা কার্যক্রম ধরে রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার। |
| ১০ | উপজেলা সমাজসেবা অফিস। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, বয়স্ক, প্রতিবন্ধী, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন কার্যক্রম সমাপ্ত হয়েছে। সকল ধরনের ভাতার মৃত্যু প্রতিস্থাপনের কাজ সম্পন্ন করে ১০০% ভাতাভোগীর জুলাই/২৩ হতে সেপ্টেম্বর/২৩ কিস্তি পেরোল প্রেরণ করা হয়েছে। ভিক্ষুক পুনর্বাসন করার লক্ষ্যে ভিক্ষুক বাছাই করে ইউনিয়ন ওয়ারী তালিকা চূড়ান্ত বাছাই করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে বয়স্ক, প্রতিবন্ধী, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা অতিরিক্ত বরাদ্দ প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন গ্রহণ করা হয়েছে অতিরিক্ত বরাদ্দ প্রদান সাপেক্ষে ভাতাভোগী বাছাই করা হবে। প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ ও নাম্বার পরিবর্তনের কাজসহ ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসিমিয়া রোগে আক্রান্ত রোগীদের আবেদনপত্র গ্রহণ চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার। |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (বি.আর.ডি.বি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, নিয়মিত সমিতি/দলগঠন লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করা হবে। সদস্য/সদস্যা ভর্তি-২১ জন, শেয়ার আদায়-০.০৪ টাকা, সঞ্চয় আদায়-১৩.৭০ লক্ষ টাকা, ঋণ বিতরণ-৬৮.১৬ লক্ষ টাকা, ঋণ আদায়-৫৭.৩২ লক্ষ টাকা। এছাড়া প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>প্রকল্প গ্রহণ- মৎস্য চাষ- ১০৫ টি, গরু মোটাতাজাকরণ- ৭৮ টি, হাঁস মুরগি পালন- ১২০ টি, সবজি চাষ- ১৪৭ টি, ক্ষুদ্র ব্যবসা- ১২৩ টি ও কৃষি কাজ- ১১১ টি। সর্বমোট-৬৮৪ টি। ১। সিভিডিপি প্রকল্পের সঞ্চয় জমা কার্যক্রম চলমান ও প্রশিক্ষণের জন্য অবহিতকরণ। ২। সিভিডিপি প্রকল্পের আইজিএ ও দক্ষতামূলক প্রশিক্ষণ চলমান আছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | মাঠে খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার। |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, (১)বরাদ্দকৃতমোট ঋণ তহবিল (রাজস্ব)-২৫,৩৮,৮০০/-, (২)মোট ঋণ বিতরণ ৩,৪০,৬২,৫০০/-,(৩)আদায়যোগ্য আসল-৩১৩৮৪৪২১/-, (৪) আদায়কৃত আসল ৩০৭১৭৮০৯/-(৫) ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৭.৮৭%,(৬) মাঠিকখেলাপী-২৭৮৫৭৭/-,(৭) ঋণ খেলাপীর সংখ্যা-৩৪ জন,(৮)ঋণ গ্রহিতার সংখ্যা-১৩৫৪ জন,(৯) ২০২৩-২৪অর্থবছরে ঋণ গ্রহিতার সংখ্যা( পুঃ ০০+মঃ০০) =০০জন,যুব ঋণ | সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠু ভাবে সম্পন্ন হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং যুব/যুব মহিলাদের মাঝে সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণের ব্যবস্থা নিতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিতরণঃ ০০/-টাকা ও প্রশিক্ষণ (পুঃ ০৫+মঃ ০৬জন)= ১১ জন,(১০)ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ(পুঃ ২১৫৬+মঃ ৪১৭৬)=৬৩৩২জন, (১১)ক্রমপুঞ্জিত আত্মকর্মী (পুঃ ১০৩৯+মঃ ২০০৫)= ৩০৪৪ জন,(১২)পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর ঋণের বরাদ্দ মোট- ২০,০০,০০০/-(১৩)পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর ঋণ বিতরণ মোট-৩৯,২০,০০০/-,(১৪)পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর আদায়যোগ্য আসল মোট-৩৪,৭৭,৭০০/-,(১৫)পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর আদায়কৃতআসল মোট৩৪,৭৭,৭০০/-, (১৬) আদায়ের হার- ১০০% (১৭)পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচীর ঋণীর সংখ্যা - ৩৫৫ জন,(১৮)২০২৩-২৪ অর্থ বছরে উপকারভোগীর সংখ্যা- (পুঃ০০+মঃ০০)=০০ জন,(১৯)ক্রমপুঞ্জিত উপকারভোগীর সংখ্যা (পুঃ ১৮৪+মঃ ১৭১)- ৩৫৫ জন,(২০) মোট ঋণখেলাপী- ০০, (২১)ঋণ খেলাপীর সংখ্যা-০০জন, (২২) প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ঋণের মোট বরাদ্দ-৪,০০,০০০/-(২৩)প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ঋণ মোট বিতরণ-৪,৫০,০০০/-,(২৪) প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ঋণ আদায়যোগ্য আসল- ৪,৫০,০০০/-,(২৫) প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ঋণ আদায়কৃত আসল-৪১৪৮৩৩/-,(২৬) প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ঋণ আদায়ের হার-৯২%,(২৭) মোট ঋণখেলাপী- ৩৫,১৬৭/-, (২৮) মোট ঋণখেলাপী সংখ্যা-০১জন, (২৯) প্রশিক্ষণজোরদারকরণ প্রকল্পের ঋণীর মোট সংখ্যা-১৫ জন, (২৮) প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছর প্রশিক্ষণ (পুঃ ০+মঃ ০)=০ জন,(২৯) প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ (পুঃ ৭১৭+মঃ ১৪৮৩)= ২২০০ জন,(৩০) প্রশিক্ষণ জোরদার-করণ প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরে আত্মকর্মী (পুঃ ০+মঃ০)=০ জন,(৩১) প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পের ক্রমপুঞ্জিত আত্মকর্মী (পুঃ ৪০৮ +মঃ ৭৫২)=১১৬০ জন,(৩২) নিবন্ধনকৃত যুব সংগঠনের মোট সংখ্যা-২৪টি, বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। | | |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, রাজৈর উপজেলায় বিভাগীয় কেন্দ্রীয় ০২টি, বিভাগীয় প্রাথমিক ১২৮টি, পল্লীউন্নয়ন কেন্দ্রীয় ০১টি ও পল্লীউন্নয়ন প্রাথমিক ১৭৬টি সমবায় সমিতি রয়েছে। এ সকল সমিতির মধ্যে অডিট বরাদ্দ হয়েছে ১৩১টি এবং অডিট সম্পন্ন হয়েছে প্রাথমিক ৩৩টি। মোট অডিট ফি ধার্য হয়েছে ৮৩৫২০/- টাকা এবং অডিট আদায় হয়েছে ৮৩৫২০/- টাকা। সমবায় উন্নয়ন তহবিলে ধার্য ৭৯১৩৪/- এবং আদায় ৭৯১৩৪/- টাকা। গঙ্গাবর্দি আশ্রয়ন প্রকল্প (ফেইজ-২)তে ঋণ বিতরণ-৪৭৫০০০/- টাকা, আদায়-৩৮৫২৫০/- টাকা, সার্ভিস চার্জ আদায়-২৬১৬০/- টাকা এবং ঋণ পাওনা ৮৯৭৫০/- টাকা। যুদ্ধ প্রকল্পে মোট ঋণ বিতরণ (লক্ষ টাকায়)-৪৭৫.০০, ঋণ আদায়যোগ্য-৪৩৭.২৮, আদায়যোগ্য হয়নি-৩৮.২৮, ঋণ আদায়- ২৮০.৪২৮ এবং সার্ভিস চার্জ আদায়-৩৬.৫২৬/- টাকা। যুদ্ধ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রমে উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | মাঠে ঋণ আদায়ে কার্যক্রম আরো বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় অফিসার। |
| ১৪ | উপজেলা নির্বাচন অফিস। | উপজেলা নির্বাচন অফিসার, রাজৈর সভায় জানান যে, রাজৈর উপজেলার জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত সকল কার্যক্রম (নতুন ভোটার নিবন্ধন, জাতীয় পরিচয়পত্র সংশোধন ইত্যাদি) চলমান রয়েছে। বিদেশ গমনের জন্য বয়স বাড়িয়ে ভোটার নিবন্ধনের জন্য আবেদন করা হয়। যাচাই-বাছাই না করে জন্মসনদ না দেয়ার জন্য মেয়র, রাজৈর পৌরসভা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়। দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈর সভায় জানান যে, পানি সরবরাহে আর্সেনিক ঝুকি নিরসন প্রকল্পের ২০২২-২৩ অর্থবছরে ২৫০টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গিয়েছে। এ প্রকল্পের কাজ এ পর্যন্ত ৬০% বাস্তবায়িত হয়েছে এবং কাজ চলমান রয়েছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২০২২-২৩ অর্থবছরে ২৮৬ টি এবং ২০২৩-২৪ অর্থবছরে ২৮৬ টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। গভীর নলকূপের কাজ ৫২% স্থাপন করা হয়েছে এবং কাজ চলমান আছে। | গভীর নলকূপ স্থাপনকাজ দ্রুত সমাপ্ত করতে হবে। দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)। |
| ১৬ | উপজেলা বন বিভাগ। | উপজেলা বন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্রের অধীনে "বৃক্ষরোপনে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২৩ প্রদান" সাতটি শ্রেণীতে ১ম, ২য়, ও ৩য় স্থান হিসাবে পুরস্কার (সনদপত্র ও অর্থ) প্রদানের লক্ষে অত্র উপজেলায় ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হইতে অফিস চলাকালীন সময়ে (২০-১০-২৩ তারিখের মধ্যে) আবেদনপত্র সংগ্রহ, আনুষাঙ্গিক কাগজপত্র জরুরীভিত্তিতে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা। |
| ১৭ | উপজেলা খাদ্য বিভাগ। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর সভায় জানান যে, টেকেরহাট খাদ্য গুদামের খাদ্য শস্যের প্রারম্ভিক মজুদ-ক) চাল ঃ ৯৮৭৫.০০০ মেঃ টন, খ) গম ঃ ১৫২.৪৮৯ মেঃ টন, গ) খালিবস্তা ঃ ২৪০৮ খানা। চলতি বছর বোরো চাল সংগ্রহ মৌসুমে রাজৈর উপজেলা হতে প্রথম পর্যায়ে ৮৭৩৩.০০০ মেঃ টন এবং পরবর্তীতে ৪৭৯.২৫০ মেঃ টন সর্বমোট বরাদ্দকৃত ৯২১২.২৫০ মেঃ টন চালের লক্ষ্যমাত্রার বিপরীতে চুক্তিবদ্ধ মিলারের নিকট হতে সম্পূর্ণ বোরো/২৩ সিদ্ধ চাল সংগ্রহ করা হয়েছে। সারা বছর ০৫ মাস (মার্চ, এপ্রিল, সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর) খাদ্য বান্ধব কর্মসূচী চালু থাকে। সেপ্টেম্বর ও অক্টোবর মাসের চাল অগ্রীম (৩০+৩০) ৬০ কেজি করে ১৫ টাকা দরে আগষ্ট/২৩ মাসে সুষ্ঠুভাবে বিলিবিতরণ করা হয়েছে। রাজৈর উপজেলায় ১১টি ইউনিয়নে মোট ২২ জন ডিলারের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির যাচাইকৃত/ অনুমোদনকৃত ভোক্তাদের মাঝে এ চাল বিক্রয় করা হয়। যদি কোন খাদ্যবান্ধব ভোক্তা মারা যান তা হলে উক্ত ভোক্তার একখানা ডিজিটাল মৃত্যু সনদ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানদের বিশেষভাবে অনুরোধ করা হয়। কোন মৃত ব্যক্তির পরিবারকে কার্ড সংশোধন না করে চাল বিলিবিতরণ না করার জন্য বলা হল। আগষ্ট/২৩ মাসে টিসিবি ডিলারের মাধ্যমে অন্যান্য পণ্যের সাথে ওএমএস কার্যক্রমের আওতায় ভোক্তা প্রতি ০৫ কেজি হারে ৩০ টাকা দরে চাল বিক্রয় করা হয়েছে। উক্ত কার্যক্রমে রাজৈর উপজেলায় ১২,৭৪০জন ভোক্তার মাঝে (১২,৭৪০×৫)= ৬৩.৭০০ মেঃ টন চাল বিলিবিতরণ করা হয়। রাজৈর পৌরসভায় ১১ জন এবং ইউনিয়ন পর্যায়ে ১৩ জন টিসিবি ডিলারের মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হচ্ছে। খাদ্যবান্ধব ডিলারদের মাধ্যমে টিসিবির ডিলারদের চাল সরবরাহ করা হয়। রাজৈর উপজেলায় ১২টি ইউনিয়নে ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় কার্ডের মাধ্যমে মোট ১৬৯৮ জন মহিলাকে প্রতি মাসে ৩০কেজি হারে চাল বিলিবিতরণ করা হয়। চলতি সেপ্টেম্বর/২৩ মাসে জুন, জুলাই এবং আগষ্ট/২৩ মাসের অর্থাৎ তিন মাসের ভিডব্লিউবি এর চাল বিলিবিতরণ করা হয়েছে। রাজৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ফুড গ্রেইন লাইসেন্স করনের কার্যক্রম অব্যাহতসহ অন্যান্য কার্যাবলী স্বাভাবিকভাবে চলমান আছে। | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক। |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈর বলেন যে, ভিডব্লিউবি সেপ্টেম্বর/২৩ মাসের চাল বিতরণের ছাড়পত্র উপজেলা খাদ্য অফিসে দেওয়া হয়েছে। দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ অক্টোবর/২৩ হতে ডিসেম্বর/২৩ ০৩ মাসের প্রশিক্ষণ ০১-১০-২৩ হতে চলমান। উপজেলার স্বেচ্ছাসেবী মহিলা সমিতির অনুকূলে ২০২২-২০২৩ অর্থ বছরে প্রাপ্ত চেক ১০-০৯-২৩ তারিখে বিতরণ করা হয়েছে। আগামী ১৯-১০-২০২৩ খ্রিঃ তারিখে আমি এলপিআর এ যাব। সে কারনে উপস্থিত সকল সদস্যদের দোয়া কামনা করছি। দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈর এর প্রতি শুভ কামনা জানানো হয় এবং দাপ্তরিক কার্যক্রম সচল রাখার স্বার্থে রাজৈর উপজেলায় দ্রুত একজন মহিলা বিষয়ক কর্মকর্তা পদায়নের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট অনুরোধ করা হয়। দাপ্তরিক কাযক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা। |
| ২০ | উপজেলা হিসাবরক্ষণ অফিস। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজের সভায় জনান যে, উপজেলা হিসাবরক্ষণ অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের অফিসকক্ষের বিভিন্ন মেরামত (দেয়াল প্রাচীর, রং ও বাথরুম) সংস্কার/মেরামত করা প্রয়োজন। দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | উপজেলা রাজস্ব তহবিল হতে বর্ণিত মেরামতকাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা। |
| ২১ | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি)। |
| ২২ | বিদ্যুৎ বিভাগ। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, টেকেরহাট, বলেন ২০২৩-২০২৪ অর্থ বছরে লাইন নির্মাণ-চলতি-০ কিঃ মিঃ, ক্রমপুঞ্জিত-২.৩৬ কিঃ মিঃ (২) নতুন গ্রাহক সংযোগ (সেপ্টেম্বর-২০২৩)ঃ- আবাসিক-১৬১ টি, বানিজ্যিক-২৫ টি ও দাতব্য প্রতিষ্ঠান-০৩ টি, শিল্প-০৪ টি, সেচ-০, অটো চার্জ স্টেশন-০২, অন্যান্য-০৬, মোট-২০২ টি, গ্রাহক সংযোগ (ক্রমপুঞ্জিত)-৭৫৩৭৫ জন, অন্তর্ভুক্ত গ্রাম-১৮৬, বিদ্যুতায়িত গ্রাম-১৮৬, গ্রাম বিদ্যুতায়নের হার-১০০%, গ্রাহক সেবায় পল্লী বিদ্যুতের ০১ টি উঠান বৈঠক করা হয়েছে। বকেয়া সেপ্টেম্বর-২০২৩ প্রান্তিক পর্যন্ত সরকারি আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের নিকট বকেয়া বিদ্যুৎ বিল ২৪৬৬৭৩০/- টাকা। | নিয়মিত বিদ্যুৎ সরবরাহসহ বকেয়া আদায় করতে হবে। ভুতুরে বিল যাতে না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট। |
| ২৩ | পল্লী সঞ্চয় ব্যাংক। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজের সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট ২২২টি সমিতিতে ১০১৩৪ জন। সদস্যদের জীবনমান উন্নয়নের লক্ষে নিজস্ব সঞ্চয়ের মাধ্যমে পুঁজি গঠন, সরকার প্রদেয় উৎসাহ বোনাস ও ঘূর্ণায়মান ঋণ তহবিলের মাধ্যমে ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়। বর্তমান মাসে সঞ্চয় আদায়ের পরিমান ৫৪২০০০/- (পাঁচ লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকা ও ঋণ আদায়ের পরিমান ১,০৬৭০/- (এক কোটি ছয় লক্ষ পনেরো হাজার) টাকা ও ঋণ প্রদানের পরিমান ১,০৯১৫/- (এক কোটি নয় লক্ষ পনেরো হাজার) টাকা। ইউনিয়ন পর্যায়ে সদস্য ভর্তি চলমান। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২৪ | উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)। | ইউডিএফ, রাজের সভায় বলেন যে, ষষ্ঠ পর্যায়ের অবকাঠামো উপপ্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য ঠিকাদারকে ওয়ার্ক অর্ডার দেওয়া হয়েছে। কিন্তু দামোদর বাজার এবং আমগ্রাম বাজারে যেখানে পাবলিক টয়লেট নির্মিত হবে সেখানে জায়গাটা পরিষ্কার না হওয়ায় ঠিকাদার কাজ করতে পারছে না। এ ব্যাপারে পাইকপাড়া ও আমগ্রাম ইউপি চেয়ারম্যানদের সাথে যোগাযোগ করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বর্ণিত বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, রাজের ও ইউডিএফ, উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প। |
| ২৫ | উপজেলা পাট পরিদর্শক | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পাট পরিদর্শক। |
| ২৬ | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিস। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজের সভায় জানান যে, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনের আওতায় পল্লী অঞ্চলের সুবিধা বঞ্চিত জনগোষ্ঠিকে সংগঠিত করে কার্যকরী ঋণদান কর্মসূচী, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ, নারীর ক্ষমতায়ন এবং সদস্যদের পুঁজি গঠন করে দারিদ্র্য বিমোচনে উল্লেখযোগ্য ভূমিকা রাখে। মোট সমিতি-লক্ষমাত্রা ৭৩ অর্জন ৭১ টি, মোট সদস্য লক্ষমাত্রা-২৪০০ জন, অর্জন ২২৩৬ জন,ঋণী সদস্য সংখ্যা লক্ষমাত্রা-১০০০ জন অর্জন ৭৮৬ জন, চলতি বছরে ঋণ বিতরণ লক্ষমাত্রা-৩১০.০০ লক্ষ, অর্জন ৮৭.৪৫ লক্ষ, চলতি বছরে ঋণ আদায়-৩৪০.৮২ লক্ষ, অর্জন ৫৬.৩২ লক্ষ, মোট খেলাপি (ক্রমপুঞ্জিত)-৮২.৬৭ লক্ষ, ঋণ মাঠে পাওনা লক্ষমাত্রা-২২১.০২ লক্ষ, আদায়ের হার ০০, (চলতি ঋণ)-৯৮%, সদস্য প্রশিক্ষণ আয়বৃদ্ধিমূলক কর্মকান্ড চলতি বছর ২০০ জন অর্জন ৫০ জন (সমিতি পর্যায়ে), পুঁজি গঠন(ক্রমপুঞ্জিত)-১১৪.২৯ লক্ষ। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নসহ ঋণ আদায়ে তৎপরতা আরো বৃদ্ধি করতে হবে। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৭ | বিবিধ আলোচনা। | (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর সভায় বলেন রাজৈর পাইলট বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষকের মৃত্যুতে রাজৈর উপজেলা শোকাহত। বদরপাশা ইউনিয়নসহ সকল ইউনিয়নের মরা গাছগুলি কর্তনের বিষয়ে গণউন্নয়ন প্রচেষ্টাকে নিয়ে সভা করে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। গত ২১/০৬/২০২৩ তারিখে অনুমোদিত ০৮ নং প্রকল্প রথবাড়ি পাঁকা রাস্তা হতে রথবাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং-১০০০০০/- টাকা এর পরিবর্তে কবিরাজপুর দত্তপাড়া পাঁকা সড়ক হতে নবির মাতুব্বরের খো-রুম পর্যন্ত রাস্তা ইটের সোলিং-১০০০০০/- টাকা ও ১৯/০৭/২০২৩ তারিখে অনুমোদিত ২ নং প্রকল্প মহিষমারী গোলাম মোস্তফা বড় বাড়ি হতে মহিষমারী ব্রীজ পর্যন্ত রাস্তা ইটের সোলিং-১০০০০০/- টাকা এর পরিবর্তে পাখুল্লা মেইন রাস্তা হতে পাখুল্লা সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা ইটের সোলিং- ১০০০০০/- টাকা প্রকল্প দুইটি সংশোধন করার জন্য প্রস্তাব করেন। মাননীয় এমপি মহোদয়ের আগমন, উপজেলা পরিষদের মাসিক আইন শৃংখলা, সাধারণ সভাসহ অন্যান্য সভায় আমন্ত্রিত অতিথিদের আপ্যায়নের জন্য কিছু ক্রোকারিজ ক্রয় করা প্রয়োজন। সে মোতাবেক ১৯,৯৮৫/- (উনিশ হাজার নয়শত পঁচাশি ) টাকার প্রয়োজনীয় ক্রোকারিজ ক্রয় করা হয়েছে। নিম্নবর্ণিত অনুমোদিত সভাপতি ও সাধারণ সম্পাদক দ্বারা পূর্ণাঙ্গ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও উপজেলা হিসাবরক্ষণ অফিস মেরামত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার কাজ বাস্তবায়নের প্রস্তাব করা হয়।<br>সভাপতি- জনাব নাহিদ ইমরান, ইউপি সদস্য, ইশিবপুর ইউপি, রাজৈর ও সাধারণ সম্পাদক- জনাব সুখময় চক্রবর্তী, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, রাজৈর, মাদারীপুর।<br>বর্ণিত অফিস মেরামত ব্যয়ের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য প্রস্তাব করা হয়। প্রাথমিক পর্যায়ে অনুষ্ঠিত বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২৩ এর উপজেলা পর্যায়ের খেলা আয়োজনের জন্য যে বরাদ্দ পাওয়া গেছে তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। এ কারণে উপজেলা পরিষদ হতে অতিরিক্ত ৬৫,৫০০/- (পঁয়ষট্টি হাজার পাঁচশত) টাকা বরাদ্দ প্রদানের জন্য উপজেলা শিক্ষা অফিসার, রাজৈর কর্তৃক আবেদন করেছেন। উক্ত আবেদন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করা হয়। | (ক) উপজেলা চেয়ারম্যানের প্রকল্প সংশোধনের প্রস্তাব অনুমোদিত হয়। উপজেলা পরিষদের আপ্যায়নের জন্য প্রয়োজনীয় ক্রোকারিজ ক্রয়, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও উপজেলা হিসাবরক্ষণ অফিস মেরামত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে এবং বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২৩ এর অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের "৬" নং অনুচ্ছেদের (বার্ষিক উন্নয়ন কর্মসূচির খাতওয়ারী বিভাজন) এর "৬" উপানুচ্ছেদের "খ" হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর ও সংশ্লিষ্ট সকল। |
| | | (খ) উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির নিয়মিত সভা হচ্ছেনা। নিয়মিত সভা করে কার্যবিবরণী, নোটিশ ও উপস্থিতি হাজিরা প্রেরণের জন্য সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিবদের অনুরোধ করছি। | (খ) ১৭ টি স্থায়ী কমিটির সভা করার জন্য সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিবকে অনুরোধ করা হয়। | |
| | | (গ) চেয়ারম্যান, ইশিবপুর ইউপি, রাজৈর বলেন ৭নং ওয়ার্ড গাজকান্দি শাখারপাড় সরকারি প্রাথমিক বিদ্যালয় একটি পুরাতন ১তলা ভবন। ভবনটি জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ। শিক্ষার্থীদের পাঠদান করার জন্য পর্যাপ্ত কক্ষ নেই। এ কারনে দ্রুত একটি দোতলা ভবন নির্মাণ করা প্রয়োজন। বিষয়টি আমলে নিয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | (গ) ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করা হয়। | |
| | | (ঘ) চেয়ারম্যান, খালিয়া ইউপি, রাজৈর বলেন শিমুলতলা টু মৃধাবাড়ি সড়ক মেরামত/সংস্কার করা প্রয়োজন। দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | (ঘ) ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করা হয়। | |
| | | (ঙ) চেয়ারম্যান, বদরপাশা ইউপি, রাজৈর বলেন গণউন্নয়ন প্রচেষ্টা কর্তৃক রোপিত গাছের মধ্যে ১৫০ টি মরা গাছ বর্তমানে মারাত্মক ঝুঁকিতে রয়েছে। যে কোন সময় ভেঙে পড়ে জান মালের ক্ষয়ক্ষতি হওয়ার আশংকা রয়েছে। দ্রুত মরা গাছগুলি কর্তন করা প্রয়োজন। | (ঙ) ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করা হয়। | |
| | | (চ) সভাপতি, যুবক, রাজৈর সভায় বলেন টেকেরহাট টু নয়নগর ও রাজৈর টু নয়নগর রাস্তাটি দ্রুত মেরামত/সংস্কার করা প্রয়োজন। কলেজ রোডে পানির লাইন ও ড্রেন নির্মাণ করার জন্য অনুরোধ করেন। | (চ) ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, রাজৈর পৌরসভা ও উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করা হয়। | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রেজাউল করিম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজৈর, মাদারীপুর।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.১৪- ৯৯১ তারিখঃ ০৯-১০-২০২৩ খ্রি

<u>অনুলিপি (সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো)ঃ- (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)</u>

০১। জনাব শাজাহান খান, এমপি, মাদারীপুর-২ এবং উপদেষ্টা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৪। সিনিয়র সহকারী সচিব, জেলা প্রশাসন-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৭। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।

<u>অনুলিপি অবগতি/কার্যার্থে ঃ-(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)</u>

০১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর (তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০২। উপজেলা ........................................ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৩। চেয়ারম্যান (সকল), ........................................ ইউনিয়ন পরিষদ, রাজৈর।
০৪। অফিস কপি।

০৯.১০.২৩
(উপমা ফারিসা)
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।

## উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

(পরিশিষ্ট-ক)

০১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৩। মেয়র, রাজৈর পৌরসভা, মাদারীপুর।
০৪। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৫। উপজেলা কৃষি কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৬। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৭। উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর।
০৮। উপজেলা প্রকৌশলী, রাজৈর, মাদারীপুর।
০৯। উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১০। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৩। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৫। উপজেলা সমবায় কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৭। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৮। উপজেলা নির্বাচন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
১৯। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
২০। ডিজিএম পল্লী বিদ্যুৎ, টেকেরহাট, রাজৈর, মাদারীপুর।
২১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর, মাদারীপুর।
২২। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈর, মাদারীপুর।
২৩। উপজেলা বন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
২৪। উপজেলা প্রতিবন্ধি বিষয়ক কর্মকর্তা, রাজৈর।
২৫। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটেটর, রাজৈর, মাদারীপুর।
২৬। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈর, মাদারীপুর।
২৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়, রাজৈর।
২৮। উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, রাজৈর।
২৯। সভাপতি, প্রেসক্লাব, রাজৈর, মাদারীপুর।
৩০। চেয়ারম্যান, পাইকপাড়া ইউনিয়ন পরিষদ, রাজৈর।
৩১। চেয়ারম্যান, হোসেনপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর।
৩২। চেয়ারম্যান, ইশিবপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর।
৩৩। চেয়ারম্যান, বদরপাশা ইউনিয়ন পরিষদ, রাজৈর।
৩৪। চেয়ারম্যান, খালিয়া ইউনিয়ন পরিষদ, রাজৈর।
৩৫। চেয়ারম্যান, রাজৈর ইউনিয়ন পরিষদ, রাজৈর।
৩৬। চেয়ারম্যান, বাজিতপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর।
৩৭। চেয়ারম্যান, কদমবাড়ি ইউনিয়ন পরিষদ, রাজৈর।
৩৮। চেয়ারম্যান, হরিদাসদী-মহেন্দ্রদী ইউনিয়ন পরিষদ, রাজৈর।

## অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

(পরিশিষ্ট-খ)

০১। সহকারী কমিশনার (ভূমি), রাজৈর, মাদারীপুর।
০২। প্রতিনিধি, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মাদারীপুর।
০৩। অফিসার ইনচার্জ, রাজৈর থানা, মাদারীপুর।
০৪। উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৫। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৬। উপ-সহকারী প্রকৌশলী (বিআরডিবি), রাজৈর।
০৭। উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৮। আহবায়ক/সভাপতি, প্রেসক্লাব, রাজৈর, মাদারীপুর।
০৯। জনাব নাজনি বেগম, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, রাজৈর।
১০। জনাব সেলিনা বেগম, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, রাজৈর।
১১। জনাব উর্মি বেগম, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, রাজৈর।
১২। জনাব কহিনুর বেগম, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ, রাজৈর।
১৩। চেয়ারম্যান, কবিরাজপুর ইউনিয়ন পরিষদ, রাজৈর।
১৪। চেয়ারম্যান, আমগ্রাম ইউনিয়ন পরিষদ, রাজৈর।